কীর্ত্তন-গীতি-প্রবেশিকা

(স্বরলিপিসহ কীর্ত্তন গান)

শ্রীখগেন্দ্রনাথ মিত্র

১৩৪৮

पितुः स्मरणे

নিবেদন

কীর্ত্তন-গীতি-প্রবেশিকা প্রথম খণ্ড প্রকাশিত হইল। আমি যতদূর জানি তাহাতে কীর্ত্তন-গানের ইহাই প্রথম স্বরলিপি পুস্তক। প্রবেশিকা পরীক্ষায় কীর্ত্তন-গানের সহিত পরিচয় থাকা আবশ্যক বলিয়া কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কর্ত্তৃপক্ষগণ কর্ত্তৃক স্থিরীকৃত হইয়াছে। কিন্তু ঐ পরিচয়-সংবলিত কোনও পুস্তক না থাকায় পরীক্ষার্থিণীগণের অত্যন্ত অসুবিধা হয়। সঙ্গীত-শিক্ষকগণ এ বিষয়ে অনেক সময়ে অনুযোগ করিয়াছেন। ফলে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায়ই হউক, বা নিখিল-বঙ্গ সঙ্গীত-সম্মেলনেই হউক অনেক ছাত্রছাত্রী আশানুরূপ যোগ্যতা প্রদর্শন করিতে পারিতেছেন না। ইহার একমাত্র কারণ এই যে, বর্ত্তমানে অল্পসংখ্যক কীর্ত্তনগায়কের মুখে মুখেই খাঁটি কীর্ত্তনের সুর বিচরণ করে এবং তাঁহাদের নিকট শিক্ষালাভের সুযোগ হইতে যাঁহারা বঞ্চিত, তাঁহারা কীর্ত্তন গানে যোগ্যতা অর্জ্জন করিতে পারেন না।

প্রধানতঃ এই অসুবিধা দূর করিবার জন্যই আমার এই ক্ষুদ্র প্রয়াস। কিন্তু এই কার্য্যে হস্তক্ষেপ করিয়া বুঝিতে পারিলাম, ইহা কত কঠিন। আরও বুঝিতে পারিলাম যে কেন এই ব্যাপারে অন্য কেহ এ পর্য্যন্ত অগ্রসর হন নাই। কিন্তু কেহই করেন নাই বলিয়া কোনও কাজ না করা উচিত, ইহা কখনও যুক্তিসঙ্গত হইতে পারে না। অনেকেই জানেন যে, বাংলায় লিখন-যন্ত্র (Typewriter) ছিল না এবং সংযুক্ত বর্ণের বাহুল্য হেতু ইহা অসম্ভব বলিয়াই অনেকে মনে করিতেন। কিন্তু চেষ্টার পর চেষ্টার দ্বারা অসম্ভবও সম্ভব হইয়াছে। সাধারণের সমর্থন লাভ করিলে ইহা যে অধিকতর উন্নতি লাভ করিবে সে বিষয়ে সন্দেহ নাই। সেইরূপ আমার এই চেষ্টা হইতে উচ্চাঙ্গ-কীর্ত্তন-সুর যাহা এক সময়ে বাংলার আপামর সাধারণকে মুগ্ধ করিত, তাহা যদি সর্ব্বসাধারণের পক্ষে সু-লভ্য হয়, তাহা হইলেই আমার পরিশ্রমের প্রকৃত পুরস্কার হইবে।

কীর্ত্তন-গানের স্বরলিপি করা যে কঠিন তাহা নহে। অবশ্য অভিজ্ঞ কীর্ত্তন-গায়কের সংখ্যা দিন দিন কমিয়া আসিতেছে বলিয়া খাঁটি কীর্ত্তন-সুর উদ্ধার করা ক্রমশঃ কঠিন হইয়া পড়িতেছে। জীবন-সংগ্রামের বিভীষিকা যত বাড়িতেছে ততই কীর্ত্তন কেন—সমস্ত ললিতকলার অনুশীলন ও প্রচার কমিতেছে। পূর্ব্বে দেখিয়াছি প্রতি সন্ধ্যায় গ্রামে গ্রামে পল্লীতে পল্লীতে গীত-বাদ্যের কলরোল উঠিত। সারাদিন পরিশ্রমে ক্লান্ত হইয়া সন্ধ্যায় পল্লীবাসী তাহাদের শ্রমকষ্ট ভুলিত [illegible]। উড়িষ্যার পল্লীতে দেখিয়াছি সাধারণের জন্য একখানি ঘর নির্দ্দিষ্ট থাকিত। প্রতি সন্ধ্যায় সেই পল্লীর যুবক বৃদ্ধ বালক সেখানে সমবেত হইয়া নৃত্যগীতবাদ্যে আনন্দের ফোয়ারা ছুটাইত। এই ঘরগুলিকে এখনও তাহারা 'যাত ঘর্-অ' (যাত্রা-ঘর) বলে। বাংলাদেশেও এমন একদিন ছিল যেদিন গানে গানে বাংলার পল্লী হৃদয়ের বেদন উচ্ছ্বসিত হইয়া উঠিত। এক সময়ে বাংলাদেশ কীর্ত্তনে এত মাতিয়া উঠিয়াছিল যে, এই ব্যাপারকে 'বন্যা' বলিয়া বর্ণনা করা হয়। সে একদিন ছিল যখন সারা

বঙ্গদেশের উপর দিয়া এক প্রবল ভাববন্যা বহিয়া গিয়াছিল। ইহা ইতিহাসের কথা। এই সময়েই কীর্ত্তনের প্রসার, প্রতিপত্তি ও প্রভাব অত্যন্ত বাড়িয়া গিয়াছিল।

সেদিন আর নাই। কীর্ত্তন-গানের সে সমাদর আর নাই। কাজেই অভিজ্ঞ গায়কের সংখ্যাও কমিয়া যাইতেছে। এই অল্পসংখ্যক কীর্ত্তন-গায়কের নিকট এখনও উচ্চাঙ্গ কীর্ত্তন-সুরে অপূর্ব্ব প্রতিভার পরিচয় পাওয়া যায়। অনুশীলনের অভাবে অনেকস্থলে হয়ত প্রাচীন সুরের কিছু কিছু বৈলক্ষণ্য ঘটিয়াছে। গায়কেরা কোনও কোনও ক্ষেত্রে যথেচ্ছভাবে সুর-বিন্যাস করিয়া লইয়াছেন। ঠুংরি গানে সুরের বৈচিত্র্যময় শিল্পচাতুর্য্যের দ্বারা গায়ক যেমন শ্রোতার মন মুগ্ধ করেন, কীর্ত্তন-গায়কগণও কোনও কোনও ক্ষেত্রে সেই পদ্ধতি অনুসরণ করিয়া নিজ নিজ বৈশিষ্ট্য প্রচার করিয়াছেন। কিন্তু তাহা হইলেও কীর্ত্তন-সুরের কৌলীন্য একেবারে চলিয়া যায় নাই ; মুখে মুখে বা গুরু-পরম্পরায় সুরগুলি চলিয়া আসিতেছে বলিয়া অধিক বিকৃত হইতে পারে নাই। বৈঠকী গানেও ব্যক্তিগত প্রতিভার জন্য অনেকস্থলে বৈচিত্র্য লক্ষিত হয়। একই ভৈরবী গান বিভিন্ন গায়কের কণ্ঠে অনেকটা ভিন্ন ভিন্ন মূর্ত্তি পরিগ্রহ করে। একই রাগিণী উত্তর ভারতে ও দক্ষিণ ভারতে অনেকখানি তফাৎ হইয়া পড়িয়াছে। কিন্তু এই বৈচিত্র্য সত্ত্বেও ইহাদের মধ্যে একটি ঐক্যের অন্তঃপ্রবাহ দেখিতে পাওয়া যায়। ভৈরবী বলিতে আমরা একই রকমের সুর বুঝিয়া থাকি। এইরূপ পিলু, খাম্বাজ, মালকোষ বলিতেও আমরা এক একটি বিশিষ্ট সুর বুঝিতে পারি। স্বরলিপির সাহায্যে এই সকল রাগ রাগিণীর পরিচয় প্রদান করা সহজ হইয়াছে।

কীর্ত্তনের সুরগুলি আলোচনা করিলেও আমরা কতকটা সুশ্রেণী বিন্যস্ত ঐক্যের সন্ধান পাই। কীর্ত্তনে যে সুরগুলি ব্যবহৃত হয়—যথা কামোদ, গৌরী, ভীমপলশ্রী, ধানশী বা মায়ুর তাহাদের প্রত্যেকটির একটি বিশিষ্ট রূপ আছে, প্রত্যেকটির মধ্যে লক্ষ্য করিবার মত একটি সাম্য আছে। এখনও বঙ্গদেশে অনেক সুদক্ষ কীর্ত্তন-গায়ক আছেন, যাঁহাদের গীত-প্রণালী হইতে এই ঐক্য বিশেষ ভাবে ধরা পড়ে।

বিজ্ঞানের প্রকৃতিই এই যে, বৈচিত্র্যের মধ্যে সে ঐক্যের অনুসন্ধান করে। এই ঐক্য যতই প্রতিষ্ঠিত হইবে, ততই বিজ্ঞানের দৃঢ়তা ও সার্ব্বজনীনতা প্রতিষ্ঠিত হইবে। কীর্ত্তনের মধ্যে বৈচিত্র্যের মাত্রা যদি বেশী মনে হয়, তাহা হইলেও ইহাকে উপেক্ষা করা চলিবে না। এই বৈচিত্র্যকে স্বীকার করিয়াই ইহার মধ্যে সামঞ্জস্য বা ঐক্য সাধন করিতে হইবে। বৈচিত্র্য মানব মনের একটি অবিচ্ছেদ্য ধর্ম্ম। বৈচিত্র্য হইতে বিচ্যুত হইলে যেমন ব্যক্তির ব্যক্তিত্ব থাকে না, তেমনি বৈচিত্র্য-বর্জ্জিত সুরের কিছুই মাহাত্ম্য থাকে না। সকল ক্ষেত্রেই, বৈচিত্র্যকে বাদ দিয়া যে ঐক্য লাভ করা যায় তাহা রস-সৃষ্টির পক্ষে মূল্যহীন ও অসার। এই স্বরলিপি প্রণয়নে আমরা সুরের বৈচিত্র্যকে যথাসম্ভব রক্ষা করিতে চেষ্টা করিয়াছি।

যাঁহারা বৈঠকী গানের প্রতি আত্যন্তিক শ্রদ্ধাসম্পন্ন, তাঁহাদের চক্ষে যাহা কিছু বৈঠকী বা হিন্দুস্থানী রীতির অনুকূল নহে, তাহাই নিয়ম ও গঠনরীতি বর্জ্জিত বলিয়া মনে হইতে পারে কিন্তু

প্রকৃত সুরসন্ধানীর নিকট ইহার ঐক্য-সূত্র ধরা পড়িবেই। যে সঙ্গীতে বহু শতাব্দী ধরিয়া সঙ্গীত-লুব্ধ বাঙ্গালীর মনে প্রভাব বিস্তার করিয়াছিল, তাহা কখনও নিয়ম বা শৃঙ্খলা-বর্জ্জিত হইতে পারে না। যে সময় বাদশাহ আকবরের দরবারে তানসেন তাঁহার অপূর্ব্ব সঙ্গীত-প্রতিভা বিস্তার করিয়া ভারতীয় সঙ্গীতের ইতিহাসে যুগান্তর আনয়ন করিয়াছিলেন, সেই একই সময়ে কীর্ত্তনের প্রভাবে বঙ্গদেশ গৌরবান্বিত হইয়া উঠিয়াছিল, এ কথা আমাদের ভুলিলে চলিবে না।

বর্ত্তমানকালে কীর্ত্তনের উন্নতির প্রবাহ রুদ্ধ হইয়া গিয়াছে; তাহা হইলেও ইহার বৈশিষ্ট্য, ইহার লালিত্য এবং সর্ব্বোপরি ইহার ভাবাবেদন প্রত্যেক সুরদক্ষের দৃষ্টি আকর্ষণ করে। এইজন্য অন্ততঃ ইহার সংরক্ষণকল্পে প্রত্যেক বাঙ্গালীরই চেষ্টা করা উচিত। বর্ত্তমান উদ্যমের কারণও তাহাই। কীর্ত্তনের লালিত্য ও শিল্পচাতুর্য্য এখনও ইচ্ছা করিলে কতকটা রক্ষা করা যাইতে পারে; কিন্তু কিছুদিন পরে হয়ত ইহা আর সম্ভব হইবে না। এখনও এমন কয়েকজন নিপুণ সুরসাধক বর্ত্তমান আছেন, যাঁহাদের নিকট কীর্ত্তন-গানের আদিম রূপটি দেখিতে পাওয়া যায়। একটু অভিনিবেশ সহকারে শ্রবণ করিলেই বুঝিতে পারা যায় যে কীর্ত্তন-গানের সুরস্রষ্টৃগণ অদ্ভুত প্রতিভা-বলে নানাবিধ কারু-সমন্বিত সুর (technique) আবিষ্কার করিয়াছিলেন। এই সকল সুর কীর্ত্তন-গায়ক-সমাজে সর্ব্বত্র সমাদৃত হয়।

শ্রীচৈতন্যের অব্যবহিত পরবর্ত্তী যুগে কীর্ত্তন-গানের ধারা কিরূপ ছিল, তাহার আভাস ভক্তিরত্নাকর হইতে প্রাপ্ত হওয়া যায়ঃ

> বার বার প্রণমিয়া সবার চরণে।
> আলাপে অদ্‌ভুত রাগ প্রকট কারণে॥
> রাগিণী সহিত রাগ মূর্ত্তিমন্ত কৈলা।
> শ্রুতি স্বরগ্রাম মূর্চ্ছনাদি প্রকাশিলা॥
> সুমধুর কণ্ঠধ্বনি ভেদয়ে গগন।
> পরম মাদক সুধা নাহি তার সম॥
>
> —ভক্তিরত্নাকর ১০ম তরঙ্গ

এই বর্ণনা হইতে স্পষ্ট বুঝিতে পারা যায় যে, সে সময়ে কীর্ত্তন গানের যথেষ্ট প্রতিষ্ঠা ছিল এবং যাঁহারা এই অভিনব গান-পদ্ধতি উদ্ভাবন করিয়াছিলেন, তাঁহারা প্রকৃতই প্রতিভাসম্পন্ন সুররসিক ছিলেন।

এস্থলে এই গীতের দুইটি বৈশিষ্ট্যের উল্লেখ করা আবশ্যক বলিয়া মনে করি। একটি সঙ্গীতের দিক দিয়া বিশেষ দরকারী; তাহা এই—কীর্ত্তন-গানে প্রাচীনকাল হইতে খোল করতাল ব্যতীত অন্য কোনও বাদ্যযন্ত্র ব্যবহার করিবার রীতি দেখা যায় না। গায়ককে শুধু কণ্ঠস্বরের উপরই নির্ভর করিতে হয়। উচ্চাঙ্গের কীর্ত্তন-সঙ্গীতে এখনও সেই প্রাচীন পদ্ধতি চলিয়া আসিতেছে। তাহার ফলে দেখা যায় যে, মানুষের কণ্ঠ যতটা মিষ্টত্ব অর্জ্জন করিতে পারে, কীর্ত্তন-গায়কগণ তাহার পরাকাষ্ঠা দেখাইয়া থাকেন। যন্ত্রের সঙ্গে কণ্ঠ মিলাইয়া গান করিলে যে কণ্ঠের মাধুর্য্য চাপা পড়িয়া যায় ইহা সকলেই স্বীকার করিবেন—অবশ্য সেই সঙ্গে অনেক দোষ ত্রুটিও ঢাকা পড়ে সন্দেহ নাই। মানুষের কণ্ঠে যত লালিত্য আছে, তত লালিত্য কি কোনও যন্ত্রে আছে?" তাহার কারণ যন্ত্র মানুষের

সৃষ্টি আর মানবকণ্ঠ ভগবানের দান। কীর্ত্তনীয়ারা কণ্ঠসাধনার দিকেই সর্ব্বাপেক্ষা মনোযোগী এবং ইহাতে তাঁহারা যে আশ্চর্য্য কৃতিত্ব প্রদর্শন করিয়া থাকেন, তাহা সর্ব্ববাদিসম্মত।

দ্বিতীয় বৈশিষ্ট্য এই যে, ইহাতে কথা ও সুর উভয়ই প্রয়োজনীয়। উচ্চাঙ্গ সঙ্গীতে কথা ও সুরের স্থান লইয়া অনেক তর্কবিতর্ক আছে। কেহ কেহ বলেন, প্রকৃত সঙ্গীত কথার উপর নির্ভর করে না। তাঁহাদের মতে কথার পাষাণ চাপে সুরের আভিজাত্য নষ্ট হইয়া যায়। কীর্ত্তন গায়কেরা অবশ্য এ মত সমর্থন করেন না। কীর্ত্তনে যে সকল গীত ব্যবহৃত হয়, তাহাতে উৎকৃষ্ট কবিত্বের সমাবেশ থাকে। এই কীর্ত্তনগীতগুলির নাম 'পদাবলী'। কাব্য ও সঙ্গীতের এরূপ অঙ্গাঙ্গিভাব আর কোথায়ও দেখিতে পাওয়া যায় না। উভয় উভয়কে অপেক্ষা করে। কাব্যের জন্য সুর এবং সুরের জন্য কাব্য—এ এক বিস্ময়কর মিলন। বাঙালীর কীর্ত্তন কথা ও সুরের এক অপূর্ব্ব সমন্বয় সাধন করিয়াছে; ইহার কারণ এই যে, যে বৈষ্ণবধর্ম্মের প্রেরণায় এই পদাবলী নামক কাব্যের উৎপত্তি, সেই ধর্ম্মেরই প্রধান সাধনরূপে কীর্ত্তন-সঙ্গীতের আবির্ভাব হইয়াছিল।

এই প্রসঙ্গে ইহাও বলা আবশ্যক যে, কীর্ত্তনে যে রস-সৃষ্টির চেষ্টা দেখিতে পাওয়া যায়, আধ্যাত্মিক প্রয়োজনই তাহার মূল। অন্য সঙ্গীতের যে আধ্যাত্মিক লক্ষ্য নাই, তাহা বলা আমার উদ্দেশ্য নহে। বরং একটু প্রণিধান করিয়া দেখিলে বুঝিতে পারা যায় যে, সমস্ত ভারতীয় সঙ্গীতের ইহা একটি অসাধারণ বৈশিষ্ট্য। আমাদের সমস্ত সঙ্গীতই ভগবদুদ্দেশ্যে পরিকল্পিত। ভারতীয় সঙ্গীতের অধিষ্ঠাতৃ-দেবতা ভগবান স্বয়ং। কীর্ত্তনে আরও বিশেষভাবে দেখিতে পাই যে ভগবানের লীলা-খেলা, ভগবৎ-প্রসঙ্গ লইয়াই এই সঙ্গীত গঠিত। সেই জন্যই 'কানু ছাড়া গীত নাই' এ গৌরব কেবল বাংলাদেশেরই।

কীর্ত্তনের কথা প্রকাশ করে ভাবকে। কাজেই সেইরূপ সুর আবশ্যক যাহাতে ভাবের পরিস্ফূর্ত্তি ব্যাহত না হয়। কথা যেখানে সুরের সাহায্য করে না, বা সুর যেখানে কথার সাহায্য করে না, সেখানে ভাব ফুটিতে পারে না ইহাই বৈষ্ণবদিগের মত। এই জন্য কীর্ত্তন-গায়কগণের প্রধান চেষ্টা মহাজনগণ প্রণীত কবিতার মধ্যে বিচিত্র সুরের রসপুর দিয়া অন্তর্নিহিত ভাবকে ফুটাইয়া তোলা। অনেক সময়ে কবিতার ভাব গম্ভীর, অর্থ হয়ত জটিল। গায়ক সেইজন্য অক্ষর বা আখর জোগাইয়া তাহাকে সুবোধ্য করিবার চেষ্টা করেন। এই সুযোগে তিনি তাঁহার নিজের কবিত্ব-শক্তি, রসজ্ঞতা ও সুরজ্ঞতার পরিচয় দিতে পারেন। ব্যক্তি-স্বাতন্ত্র্যের ইহা একটি প্রকৃষ্ট উদাহরণ। কীর্ত্তন-গানে যেমন গায়কের ব্যক্তি-স্বাতন্ত্র্যের পরিচয় পাওয়া যায়, এমন আর কোথায়ও দেখা যায় কিনা সন্দেহ। গায়ক কবির ভাবকে সুরমাধুর্য্যে ও ব্যাখ্যার চাতুর্য্যে ব্যক্ত করিবার দায়িত্ব গ্রহণ করেন। অতএব 'আখর' গানের ভাব-বিস্তার। বৈঠকী সঙ্গীতে তান-বিস্তারের সহিত অনেকে পরিচিত। কীর্ত্তনে তান-বিস্তারের সঙ্গে ভাব-বিস্তার সমান্তরাল ভাবে চলে।

পদাবলীরও একটি বিচিত্র ইতিহাস আছে। লক্ষ্মণ সেনের রাজসভায় মহাকবি জয়দেব তাঁহার অমর কাব্য গীতগোবিন্দ গান করিলেন। এই গীতগোবিন্দের কাব্যসৌন্দর্য্যে শুধু

ভারতবাসী নহে, বিদেশীরাও মুগ্ধ হইয়াছেন। জয়দেব তাঁহার পদাবলী লিখিয়াছিলেন সংস্কৃতে, কিন্তু বাঙ্গালী কবি তাঁহারই পদাঙ্ক অনুসরণ করিয়া বাংলা ভাষায় পদাবলী রচনা করিয়া বঙ্গ সাহিত্যের ভাণ্ডার পূর্ণ করিলেন। জয়দেবের কোমলকান্ত পদাবলী হইতেই বাঙ্গালী কবি বিদ্যাপতি ও চণ্ডীদাস তাঁহাদের সুমধুর পদাবলী রচনা করিলেন। বিদ্যাপতি লিখিলেন মৈথিল ভাষায়, চণ্ডীদাস লিখিলেন সরল বাংলায়। বাঙ্গালী কবিরা বিদ্যাপতির ভাষা অনুকরণ করিয়া 'ব্রজবুলি' ভাষার সৃষ্টি করিলেন, আর চণ্ডীদাসকে অনুসরণ করিয়া বাঙ্গালী কবি সহস্র সহস্র বাংলা গান রচনা করিলেন। বাংলাদেশ ছাড়া অন্যত্রও কবিরা পদাবলী রচনা করিয়াছেন। সুরদাস হিন্দীতে যে পদাবলী রচনা করেন, তাহা বাংলা দেশেও গীত হয়। রাজপুতানায় মীরাবাই যে ভাষায় পদাবলী রচনা করেন, তাহা রাজস্থানী হিন্দী। ভারতবর্ষের বহু স্থানে এই সকল সঙ্গীত প্রসিদ্ধি লাভ করিয়াছে।

বিদ্যাপতি চণ্ডীদাসের পরে আসিলেন শ্রীচৈতন্য। তিনি যে প্রেমধর্ম্ম প্রচার করিলেন, তাহার প্রধান সাধন হইল কীর্ত্তন-গান। সেই জন্য শ্রীচৈতন্যকে কীর্ত্তনের স্রষ্টা বলা হইয়াছে। উড়িষ্যার স্বাধীন নৃপতি গজপতি প্রতাপরুদ্র কীর্ত্তন শুনিয়া তাঁহার সভাপণ্ডিত সার্ব্বভৌম ভট্টাচার্য্যকে জিজ্ঞাসা করিলেন, এ কি সঙ্গীত? সার্ব্বভৌম বলিলেন 'ইয়মিয়ং ভগবতশ্চৈতন্যস্য সৃষ্টিঃ।' অর্থাৎ 'চৈতন্যের সৃষ্টি এই নাম-সংকীর্ত্তন।'

কীর্ত্তন সাধারণতঃ দুই প্রকার বলিয়া কথিত হয়—নাম-কীর্ত্তন এবং লীলা-কীর্ত্তন। নাম-কীর্ত্তনে ভগবানের নাম ও গুণ সুর-সংযোগে গীত হয়। যথা—'হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে হরে রাম হরে রাম রাম রাম হরে হরে' ইত্যাদি। দৈন্যবোধক সঙ্গীত, প্রার্থনা সঙ্গীত এবং আত্ম-নিবেদনও নাম কীর্ত্তনের অন্তর্ভুক্ত বলিয়া গণ্য হয়।

খেতরির মহোৎসব হইতেই কীর্ত্তনের প্রণালীবদ্ধ গীতের আরম্ভ ধরা যাইতে পারে। বস্তুতঃ এই মহোৎসবটি একটি আনন্দের ব্যাপার মাত্র নহে। বৈষ্ণব সাহিত্য, সঙ্গীত ও ধর্ম্মের ইতিহাসে ইহা এক অপূর্ব্ব ঘটনা। রাজা সন্তোষ দত্ত এই উৎসবে ছয়টি বিগ্রহের প্রতিষ্ঠা করেন এবং সেই উপলক্ষে বৈষ্ণব জগতের সমস্ত শ্রেষ্ঠ ব্যক্তিগণ আমন্ত্রিত হইয়াছিলেন। শ্রীমন্নিত্যানন্দ-পত্নী জাহ্নবা দেবী, শ্রীনিবাস আচার্য্য প্রভু, মহাকবি ও গায়ক গোবিন্দ দাস, জ্ঞানদাস, সাধকপ্রবর রঘুনন্দন, হৃদয়চৈতন্য প্রভৃতি সমাগত হইয়াছিলেন। এরূপ সাধু সজ্জন ভক্ত ভাবুক রসিক গায়কগণের সমাবেশ বঙ্গদেশের ইতিহাসে আর কখনও ঘটে নাই। সমস্ত বঙ্গদেশে এই উৎসবে একটি সাড়া পড়িয়া গিয়াছিল এবং খেতরি যে ভাব-বন্যা আনিয়া দিল তাহার প্রেরণায় অগণিত ভক্ত কবি, গায়ক, বাদক এই নূতন ভাবের মাদকতায় এক শতাব্দীর অধিক কাল মুগ্ধ হইয়া ছিলেন। শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈতাচার্য্যের পরে এরূপ ভাবোদ্দীপনা আর হয় নাই। কীর্ত্তন-সঙ্গীতের উচ্চতম শিখর এই খেতরিতেই অগণিত গুণিগণ-সমাবেশে দেখিতে পাওয়া গিয়াছিল এবং বর্ত্তমান কালেও তাহারই ধারা চলিয়া আসিয়াছে।

(ক)

খেতরিতে যে কীর্ত্তন-সুর প্রবর্ত্তিত হইয়াছিল, তাহার নাম গরাণহাটী সুর বা ষ্টাইল। রাজসাহী জেলায় গড়েরহাট হইতে উচ্চারণ-সুবিধার জন্য সম্ভবতঃ ইহা গরাণহাটীতে পরিণত হইয়াছে। ইহারই প্রায় সমকালে বর্দ্ধমান জেলার মনোহরসাহী পরগণায় মনোহরসাহী কীর্ত্তনের জন্ম হয়। কথিত আছে যে, শ্রীনিবাস আচার্য্য কর্ত্তৃক এই ঢঙের কীর্ত্তন উদ্ভাবিত হয়। গরাণহাটী ও মনোহরসাহী কীর্ত্তনের মধ্যে প্রভেদ এই যে গরাণহাটী সুর সরল, লালিত্যপূর্ণ ও গম্ভীর, আর মনোহরসাহী কীর্ত্তনের সুর অধিক কারুকলা-বিশিষ্ট, সুললিত ও মধুর। উভয়ই উচ্চাঙ্গ কীর্ত্তন এবং উভয়ই প্রাচীন পদ্ধতি। উভয় রীতিই তুল্যরূপে সমাদর পাইয়াছে। বর্ত্তমানে মনোহরসাহীর প্রচলন অধিক। ধ্রুপদ ও খেয়ালের মধ্যে যেরূপ ব্যবধান, গরাণহাটী ও মনোহরসাহীর মধ্যে প্রভেদ কতকটা সেই প্রকার বলিয়া মনে করা যাইতে পারে। আর্টের দিক দিয়া উভয় পদ্ধতির উৎকর্ষ সমান। মনোহরসাহী কীর্ত্তনে তান-বিস্তার মীড় মূর্চ্ছনা প্রভৃতির আধিক্য কিছু বেশী। রাণীহাটী পরগণায় রেণেটি কীর্ত্তনের জন্ম ; মনোহরসাহীর প্রায় সমকালেই ইহার আবির্ভাব, এইরূপ কথিত হয়। মেদিনীপুর জেলায় গড় মান্দারণের নিকটবর্ত্তী স্থানে মন্দারিণী কীর্ত্তন-সুরের উদ্ভব। রেণেটি ও মন্দারিণী সুরে বিশেষভাবে সরলতা ও মাধুর্য্যের দিকেই লক্ষ্য দেখা যায়। বর্ত্তমান কালে এই সকল ঢঙের নিজস্ব গায়ক বেশী নাই। অনেক গায়ক মনোহরসাহী সুরের সঙ্গে রেণেটি ও মন্দারিণী মিশাইয়া গান করেন।

কীর্ত্তন-গান যে বাংলা দেশে অত্যন্ত জনপ্রিয় হইয়াছিল, তাহা ইহার বহু বিস্তৃতি হইতে স্পষ্ট বুঝা যায়। যাত্রা-গানে, থিয়েটারে, ঢপকীর্ত্তনে খাঁটি কীর্ত্তনের নানাবিধ সুমিষ্ট সুর ভাঙ্গিয়া গায়কগণ নূতন নূতন সুরের সৃষ্টি করিয়া লইয়াছেন। ঐ সকল সুর সাধারণতঃ 'কীর্ত্তন' নামেই চলে। কিন্তু ঐ সকল সুর মিষ্ট হইলেও হাল্‌কা বলিয়া মনে হইবে ; উহার টেক্‌নিকও অত্যন্ত সরল। রেণেটি ও মন্দারিণী সুর অন্য সুরের সহিত মিশাইয়া ঐ সকল সুরের প্রচলন হইয়াছে। ঐ সকল সুর হইতে খাঁটি কীর্ত্তনের গাম্ভীর্য্য বা লালিত্যের ধারণা হওয়া কঠিন। 'কীর্ত্তন সুর' বলিতে অনেক স্থলে এই লঘুচ্ছন্দের গীত-পদ্ধতি বুঝায়। যেমন রামপ্রসাদী সুর বলিতে একটি বিশিষ্ট ছাপের সুর বুঝায়, তেমনি কেহ কেহ মনে করেন 'কীর্ত্তন' বা 'কীর্ত্তনাঙ্গ' বলিতেও ঐরূপ ধরণের একটি বিশিষ্ট সুর বুঝায়। কিন্তু সম্প্রতি এ ধারণার পরিবর্ত্তন হইতেছে এবং কীর্ত্তনের যে নানা কলা-কৌশলময় বহুবিধ সুর আছে, ইহা আজকাল অনেকেই স্বীকার করিতেছেন। রামপ্রসাদ বস্তুতঃ নানাবিধ সুরে গান রচনা করিয়াছিলেন, কিন্তু রামপ্রসাদী সুর বলিতে যে সুরটি বুঝায় (যথা— মা আমায় ঘুরাবি কত, চোখ ঢাকা বলদের মত) সে সুরটি রামপ্রসাদী গানের যেমন একটি ক্ষুদ্র অংশ-মাত্র, তেমনি 'কীর্ত্তন সুর' বলিতে সাধারণতঃ যে ভাঙ্গা সুরগুলি বুঝায় তাহাও নিতান্ত আংশিক এবং অসম্পূর্ণ।

কীর্ত্তন-গানের সুর-বৈচিত্র্য অফুরন্ত। ইহার সুর ও ছন্দ বহু যত্নে আয়ত্ত করিতে হয়। এই সকল সুরকে মধুর এবং বিশিষ্ট ভাবপ্রকাশের উপযোগী করিতে বৈষ্ণব সাধকগণ যে শ্রম স্বীকার

করিয়াছেন, তাহা বাস্তবিকই অতুলনীয়। এই সকল বৈষ্ণব ভজন-সাধনে জীবনপাত করিয়া গিয়াছেন। ভজন-সাধনের অনুকূল ভাবে যাহাতে হৃদয়ের গূঢ় কোমল ভাবসমূহ বিকাশ প্রাপ্ত হইতে পারে, সেই ভাবেই তাঁহারা স্বরবিন্যাস করিয়াছিলেন। ইহার প্রথম কথা শ্রোতাকে খাটাইয়া লওয়া। অর্থাৎ গায়ক ও শ্রোতার মধ্যে ভাবের আদান প্রদানে গীতটি পূর্ণভাবে যাহাতে বিকশিত হইতে পারে সেই জন্য শ্রোতার মনে রসানুভূতি জাগাইবার একান্ত চেষ্টা দেখা যায়। এই জন্যই কীর্ত্তনের ছন্দ প্রায়ই দীর্ঘ বা বিলম্বিত। ইহাতে গায়ক যে চিত্র আঁকিতে চেষ্টা করেন, শ্রোতাকেও সেই চিত্র আঁকিবার জন্য অবসর দেওয়া হয়। মনে করুন গায়ক বিরহের চিত্র অঙ্কন করিতেছেন :

ক নন্দকুল-চন্দ্রমাঃ ক শিখি-চন্দ্রিকালঙ্কৃতিঃ

কোথায় সেই নন্দকুল-চাঁদ, কোথায় সেই শিখিপুচ্ছশোভিত মূরতি! আর কি সেই মোহন রূপ দেখিতে পাইব না? কোথায় সেই মোহন মুরলীর ধ্বনি যাহা শুনিয়া আমি একদিন ধৈর্য্য হারাইয়া কাননে ছুটিতাম!—এই গানটি যদি তরল সুরে নৃত্য ছন্দে করা যায়, তাহা হইলে বুঝিতে হইবে, যে গীত সার্থক হইল না। কারণ ভাবের গতি ও সুরের গতি পরস্পর বিরুদ্ধ দিকে চলিয়া গেল।

মহাজনেরা অনেক সাধনা করিয়া পদাবলীর সুর দিয়াছিলেন। এই সকল সুরের আবিষ্কর্ত্তা যাঁহারা তাঁহাদিগকেও আমরা মহাজন বলিয়া মনে করিতে পারি। নামযশঃ-প্রতিষ্ঠার দিকে লক্ষ্য না করিয়া যাঁহারা অনুভূতির গাঢ়তা সম্পাদন করিবার জন্য মহাজন পদাবলীতে এই সকল সুন্দর সুর যোজনা করিয়াছিলেন, তাঁহাদের মহত্ত্বও স্বীকার করিতে হয়। পদাবলীর রচয়িতারা যে অনুভূতির দ্বারা লীলাকে প্রত্যক্ষবৎ বর্ণনা করিতে প্রয়াসী হইয়াছিলেন, সেই অনুভূতি লইয়াই সুর-সাধকগণ সুর যোজনা করিয়াছেন। ইহা স্বীকার করিতেই হইবে যে, সমস্ত সঙ্গীতেরই মর্ম্মস্থল অনুভূতি। যে সঙ্গীত সেই অনুভূতিবেদ্য ভাবরাশি যতখানি ফুটাইয়া তুলিতে পারে, তাহার সার্থকতা ততখানি। এই কথাটি ভুলিলে কীর্ত্তন-সুরের প্রকৃত মর্য্যাদা দান করা যাইবে না।

মহাজন গায়কেরা যে সুরগুলি দিয়াছিলেন, তাহাকে বলা হয় 'জাত' সুর। ইহাদের মৌলিকতা প্রসিদ্ধ। মৌলিকতার জন্য মহাজন-প্রদত্ত সুরের একটি আভিজাত্য বৈষ্ণব সমাজে স্বীকৃত হইয়া থাকে। এবং এই মর্য্যাদা নিষ্ঠা-সম্পন্ন গায়কেরা কখনও লঙ্ঘন করিতে ইচ্ছা করেন না; করিলে সুধী-সমাজ সে অপরাধ ক্ষমা করেন না। এইজন্যই সুরগুলি প্রায় যথাযথভাবে পূর্ব্ব হইতে চলিয়া আসিতে পারিয়াছে।

জাত সুর বিশিষ্ট গানগুলিকে বলা হয় 'দাগী' গান। অর্থাৎ এই গানগুলির বৈশিষ্ট্য এই যে সকলেই ইহাদের পরিচয় জানেন। মার্কামারা বা মুদ্রাঙ্কিত দ্রব্য যেমন বদল করা যায় না, তেমনই এই সকল সুরের বদলে অন্য সুরে গান করিলে তাহাও কীর্ত্তন-সমাজে অনুমোদিত হয় না।

কীর্ত্তন-গানের যখন বহুল প্রচার ছিল, তখন এই মহাজনী সুর বা জাত সুর সকলেরই মধ্যে প্রচলিত ছিল। সে সময়ে অনেক পদেরই এইরূপ জাত সুর ছিল। সমাদরের অপ্রাচুর্য্য ঘটায়

এক্ষণে এই জাতস্বুর-বিশিষ্ট গানের সংখ্যা অনেক কমিয়া গিয়াছে। কোনও গায়ক হয়ত কতকগুলি স্বুর জানেন, আবার অন্য কেহ হয়ত আর কতকগুলি স্বুর জানেন। কীর্ত্তন-গানের শেষ স্তম্ভ স্বরূপ ছিলেন পরম পূজ্যপাদ পণ্ডিত অদ্বৈত দাস বাবাজি। কীর্ত্তন-জগতে তিনি 'পণ্ডিত বাবাজি' নামে পরিচিত ছিলেন। তিনি সংস্কৃত ব্যাকরণ ও ভক্তিশাস্ত্রে পারদর্শী ছিলেন বলিয়া তাঁহাকে লোকে 'পণ্ডিত' বলিত। এবং কীর্ত্তনে পারদর্শী বৈষ্ণব ছিলেন বলিয়া তাঁহার আখ্যা ছিল 'বাবাজি'। এই পণ্ডিত বাবাজির জীবন-চরিত আলোচনা করিলে দেখা যায় যে ইঁহাকে নানাস্থানে গান অভ্যাস করিয়া কৃতিত্ব লাভ করিতে হইয়াছিল। পণ্ডিত বাবাজি প্রথমে বৃন্দাবনে কিছু কীর্ত্তন অভ্যাস করিয়া পাঁচথুপীর 'চন্দ্রজি' অর্থাৎ কৃষ্ণচন্দ্র চন্দ্রের নিকট আগমন করেন এবং তাঁহার নিকটে গরাণহাটী গান অভ্যাস করিয়া তিনি ময়নাডালে গমন করেন এবং সেখানে অনেকদিন অবস্থিতি করিয়া মনোহরসাহী গান আয়ত্ত করেন। কাশিমবাজারের মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী বাহাদুর তাঁহাকে কাশিমবাজার রাজভবনে রাখিয়া যাহাতে লোকমধ্যে উচ্চাঙ্গ কীর্ত্তনের প্রচার হয় তাহার চেষ্টা করিয়াছিলেন। সেই সময়ে পণ্ডিত বাবাজি সাদিখারদেয়াড় প্রভৃতি স্থানের গায়কগণ হইতে রেণেটি স্বুরও অভ্যাস করিয়াছিলেন। এইরূপভাবে নানাস্থান ঘুরিয়া তাঁহার জ্ঞান সঞ্চয় করিতে হইয়াছিল। বলা বাহুল্য এরূপ অধ্যবসায় দুর্লভ। সে সময়েও যে সকল কীর্ত্তনের ওস্তাদ ছিলেন, তাঁহারাও এক এক করিয়া সরিয়া পড়িয়াছেন। কাজেই কেহ কীর্ত্তনের স্বুর সম্বন্ধে গবেষণা করিতে চাহিলেও সে স্বুযোগের অভাব ঘটিতেছে।

সঙ্গীত শাস্ত্রোক্ত রাগরাগিণী হইতে কীর্ত্তন স্বুরের জন্ম হইলেও, ইহার স্বুরবিন্যাসরীতি অন্য সমস্ত প্রচলিত রীতি হইতে ভিন্ন ইহা অস্বীকার করিবার উপায় নাই। এই স্বুরবিন্যাসেও যেমন অভিনবত্ব আছে, ইহার ছন্দেও অনেক অভিনবত্ব আছে। কীর্ত্তনের অনেক তাল প্রচলিত বৈঠকী রীতিতে অপরিজ্ঞাত। প্রাচীন গ্রন্থাদিতে এই সকল তালের কিছু কিছু উল্লেখ থাকিলেও বর্ত্তমান বৈঠকী গানে সেগুলি অল্প বিস্তর অপরিচিত। কীর্ত্তনের স্বুরও যেমন অধ্যবসায় সহকারে শিক্ষা করিতে হয়, বাদ্যও সেইরূপ। কিছুদিন পূর্ব্বেও এরূপ অনেক গুণী ব্যক্তি ছিলেন, খোলবাদ্যে যাঁহাদের নাম সারা বঙ্গদেশে প্রসিদ্ধি লাভ করিয়াছিল। স্বুপ্রসিদ্ধ মার্দ্দঙ্গিক পূজনীয় শ্রীযুক্ত নবদ্বীপ চন্দ্র ব্রজবাসী মহাশয়ের নিকট এইরূপ অনেক কৃতী বাদকের নাম শুনিয়াছি।

খেতরির মহোৎসবে দেবীদাস খোলবাদ্যে যে অদ্ভুত প্রতিভা প্রদর্শন করিয়াছিলেন, তাহা অদ্যাপি প্রবাদের ন্যায় হইয়া রহিয়াছে ঃ

> প্রথমেই দেবীদাস মর্দ্দল বাদ্যেতে।
> করে হস্তাঘাত প্রেমময় শব্দ তাতে॥
> অদ্ভুত অক্ষর প্রায় বাদ্য সঞ্চারয়ে।
> শ্রীবল্লবী দাসাদি সহিত বিস্তারয়ে॥—ভক্তিরত্নাকর

শ্রীমন্মহাপ্রভু যখন শ্রীধাম পুরীতে রথের অগ্রে নৃত্য করিয়াছিলেন, তখন বঙ্গদেশের কীর্ত্তন-গায়কগণ

সপ্তদলে বিভক্ত হইয়া গান করেন। এই সাতটি দলে ১৪টি মাদল বাজিয়াছিল, তাহার বর্ণনা চৈতন্য-চরিতামৃতে এইরূপ :—

সাত সম্প্রদায়ে বাজে চৌদ্দ মাদল।
যার ধ্বনি শুনি হৈল বৈষ্ণব পাগল॥—মধ্যলীলা

শ্রীঅদ্বৈত প্রভু মহাপ্রভুর কীর্ত্তনে স্বয়ং খোল বাজাইতেন : "অদ্বৈত বাজায় খোল, প্রভু বলে হরিবোল, সঙ্গে লয়ে প্রিয় গদাধর।"

খোলবাদ্যে প্রতিষ্ঠাসম্পন্ন ব্যক্তি এখনও যাঁহারা বর্ত্তমান আছেন তাঁহারাও জীবনের অপরাহ্নে উপনীত। ইঁহারা গত হইলে, ইঁহাদের স্থান সহজে পূরণ হইবে বলিয়া বোধ হয় না। ব্রজবাসী মহাশয়কেও বিভিন্ন স্থান হইতে খোলবাদ্যের সন্ধান লাভ করিতে হইয়াছে। পণ্ডিত বাবাজি যখন কাশিমবাজার রাজবাটীতে আনীত হইয়াছিলেন, তখন মহারাজা বাহাদুর তাঁহার গানে সঙ্গত করিবার জন্য বৃন্দাবন হইতে ব্রজবাসী মহাশয়কেও আনয়ন করেন। মণীন্দ্রচন্দ্রের একাগ্র চেষ্টা ছিল যাহাতে কীর্ত্তনের প্রাচীন সুর ও বাদ্যগুলি সংরক্ষিত হয়। তাঁহার এই সাধু চেষ্টা যে অনেকটা সফলতা লাভ করিয়াছে, তাহাতে সন্দেহ নাই।

এই প্রসঙ্গে উত্তমশ্লোক স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের নামও উল্লেখযোগ্য। তিনি জানিতেন আমাদের দেশের সংস্কৃতির কেন্দ্রস্থল হইতেছে কলিকাতা বিশ্ববিদ্যালয়। কীর্ত্তন-সঙ্গীতকে অনাদর ও বিস্মরণ হইতে রক্ষা করিতে হইলে বিশ্ববিদ্যালয়ের মধ্য দিয়াই করিতে হইবে। তিনি আমাকে বলিয়াছিলেন, কিছু টাকা সংগ্রহ করিতে পার? তাহা হইলে বিশ্ববিদ্যালয়ে কীর্ত্তনালোচনার ব্যবস্থা করিয়া দিয়া যাই। যথেষ্ট টাকা সংগৃহীত হইল না, ইতিমধ্যেই বাংলাদেশ আঁধার করিয়া বঙ্গের পুরুষসিংহ অকালে অমরধামে প্রস্থান করিলেন।

তাঁহার অসম্পূর্ণ কার্য্য গ্রহণ করিবার মত লোক বাংলায় এখনও আছেন। তাঁহাদের দৃষ্টি এই বিষয়ে আকর্ষণ করি। বাঙ্গালীর সংস্কৃতির ইতিহাসে কীর্ত্তন যে একটি গৌরবময় স্থান অধিকার করিয়া আছে, সে বিষয়ে সন্দেহ কি? গত কয়েক বৎসর হইতে বিশ্ববিদ্যালয়ে সঙ্গীত-শিক্ষার প্রয়োজনীয়তা স্বীকৃত হইতেছে। কিন্তু তাঁহাদের জল্পনা-কল্পনা কার্য্যে পরিণত হইতে এখনও বিলম্ব আছে বলিয়া বোধ হয়। ইহা অস্বীকার করিবার উপায় নাই যে, সঙ্গীত ভারতবর্ষের একটি অসামান্য বৈভব। ভারতীয় সঙ্গীতপ্রতিভা বিশ্বের সঙ্গীতামোদীদিগের দ্বারা একবাক্যে স্বীকৃত হইয়াছে। আবার এই ভারতীয় সঙ্গীতের ইতিহাসে বাঙ্গালীর অবদান—কীর্ত্তন। বাংলাদেশে কীর্ত্তন ব্যতীত আরও বহু প্রকার সুরের উদ্ভব হইয়াছে। তাহাদের প্রত্যেকেরই নিজস্ব মাধুর্য্য আছে যথা বাউল, সারি, ভাসান, কবি ইত্যাদি। এরূপ প্রত্যাশা করা অসঙ্গত নহে যে, বাঙ্গালীর ছেলেমেয়েরা উপযুক্ত শিক্ষা ও সুযোগ পাইলে সঙ্গীতে অসামান্য দক্ষতার পরিচয় দিতে পারে।

বহু ধাতু বাংলার পুণ্যভূমিতে বিক্ষিপ্ত হইয়া পড়িয়া আছে কিন্তু কোথায় সেই স্পর্শমণি যাহার স্পর্শে এই সমস্ত ধাতুখণ্ড সুবর্ণে পরিণত হইতে পারে? একবার এই বাংলাদেশে সেই সুযোগ ঘটিয়াছিল। বাঙ্গালীর সৌভাগ্যগুণে নবদ্বীপে প্রেমাবতার শ্রীচৈতন্যের আবির্ভাব হইয়াছিল।

তাঁহারই প্রেরণায় বাংলা সঙ্গীতমুখর হইয়া উঠিয়াছিল, বাংলা সাহিত্যের গাঙে বান ডাকিয়াছিল, সর্ব্বসাধারণের উষর নীরস প্রাণে প্রেমের উৎস ছুটিয়াছিল। বৈষ্ণব গায়ক সেই জন্য হৃদয়ের সমস্ত ব্যথাবেদনা দিয়া তাঁহার স্মৃতির অর্চ্চনা করিয়াছে। কীর্ত্তন গাহিতে গেলেই আগে মহাপ্রভুকে স্মরণ করিতে হয়। শ্রীরাধাকৃষ্ণের রসমাধুরীময়ী লীলাই অবশ্য কীর্ত্তনের আস্বাদ্য; তাহা হইলেও বৈষ্ণব সমাজে এই নিয়ম চলিয়া আসিতেছে যে, গৌরচন্দ্রিকা গান না করিয়া কীর্ত্তন করিলে ভক্ত শ্রোতা সে কীর্ত্তন শ্রবণ করেন না। অতএব, গৌরচন্দ্রিকা বৈষ্ণব সমাজে শ্রীমন্মহাপ্রভুর অক্ষয় স্মৃতি-বন্দনা। বহু কবি গৌরচন্দ্র সম্বন্ধে পদাবলী রচনা করিয়াছেন। এই পদাবলীর নাম 'গৌরচন্দ্রিকা'। 'গৌরচন্দ্রিকা' অর্থ গৌরাঙ্গ সম্বন্ধীয় পদ। চন্দ্রিকা অর্থে জ্যোৎস্না ধরিলে অর্থ হয় গৌরচন্দ্রের প্রকাশ।

'গৌরচন্দ্রিকা' কীর্ত্তন গাহিবার প্রারম্ভেই গাহিতে হয়। গায়ক যে পালা গান করিবেন, যথা রূপানুরাগ, রাস, বিরহ ইত্যাদি, তাহার উপযুক্ত একটি গৌরচন্দ্রিকা পদাবলী হইতে তাঁহাকে নির্ব্বাচন করিয়া লইতে হইবে। যথা রাসের গৌরচন্দ্রিকা এমন একটি পদ হইবে, যাহাতে গৌরাঙ্গ মহাপ্রভুর নৃত্য বর্ণিত হইয়াছে। বিরহের গৌরচন্দ্রিকা হইবে এমন পদ, যাহাতে গৌরভক্তগণ বা শ্রীবিষ্ণুপ্রিয়া গৌরচন্দ্রের সন্ন্যাস-গ্রহণে বিলাপ করিতেছেন। প্রত্যেক পালার গৌরচন্দ্র শুনিলেই বুঝিতে পারা যায় যে, গায়ক কোন লীলাটি গান করিবেন।

গৌরচন্দ্রিকার উদ্দেশ্য এই যে প্রথমেই মহাপ্রভুর নাম করিয়া গায়ক ও শ্রোতাকে পবিত্র ও সংযত হইয়া লইতে লয়। সকলে শ্রীরাধাকৃষ্ণের লীলা গাহিবার উপযুক্ত নয় এবং সকলে শুনিবার অধিকারীও নয়। সে প্রেম লীলা আস্বাদন করিতে হইলে কায়মনও বাক্যে শুচি হইতে হয়, এবং এইরূপভাবে শুনিতে শুনিতেই মনে ভক্তি-ভাবের উদয় হয়।

গৌরাঙ্গের দুটি পদ যার ধন সম্পদ
সে জানে ভকতিরস সার।
গৌরাঙ্গের মধুর লীলা যার কর্ণে প্রবেশিলা
হৃদয় নির্ম্মল ভেল তার॥ —নরোত্তম দাস

হৃদয় নির্ম্মল না হইলে লীলা আস্বাদন করিতে নাই। শ্রীচৈতন্য মহাপ্রভু জগতের কল্যাণের জন্য ২৪ বৎসর বয়সে সংসার ত্যাগ করিয়া সন্ন্যাস গ্রহণ করিয়াছিলেন। স্নেহময়ী জননী, প্রেমময়ী পত্নী, অসংখ্য ভক্তের স্নেহ-ডোর তাঁহাকে সংসারে বাঁধিয়া রাখিতে পারে নাই। তাঁহার একমাত্র চিন্তা ছিল, কি করিয়া পতিত অধম দুর্গত মানব সংসারের পাপতাপ জ্বালা হইতে উদ্ধার পাইবে। তাঁহার এই অপরিসীম দয়া ও সুমহান্ ত্যাগের জন্য ভক্ত বৈষ্ণবের দরদের সীমা নাই।

শ্রীচৈতন্য হইতে কীর্ত্তনের যে ধারা চলিয়া আসিয়াছে, তাহা ক্রমশঃ ক্ষীণ হইয়া আসিতেছিল। সুখের বিষয় বর্ত্তমানে ইহার প্রতি লোকের দৃষ্টি আকৃষ্ট হইয়াছে। জনসাধারণের যে বিষয়ে অনুরাগ হয়, তাহার উন্নতি অবশ্যম্ভাবী।

পরলোকগত দেশবন্ধু চিত্তরঞ্জন দাস মহাশয়ের কন্যা শ্রীমতী অপর্ণা দেবী কীর্ত্তন-গানের প্রসারকল্পে 'ব্রজমাধুরী সঙ্ঘ' নামে একটি প্রতিষ্ঠান গঠন করিয়াছেন। শ্রীযুক্ত স্যার বি. এল.

মিত্র মহাশয়ের পত্নী লেডী প্রতিমা মিত্র তাঁহাদের পরলোকগত পুত্রের স্মৃতি-রক্ষার উদ্দেশ্যে শঙ্কর মিত্র কীর্ত্তন-শিক্ষালয় স্থাপন করিয়াছেন। উভয় প্রতিষ্ঠানেই শ্রীযুক্ত ব্রজবাসী মহাশয়ের পরিচালনায় অনেক ছাত্রছাত্রী কীর্ত্তন শিক্ষা করিতেছেন। এই প্রকার অনুরাগ ও শ্রদ্ধার অভ্যুদয় দেখিলে হৃদয়ে আশার সঞ্চার হয় বই কি? কিন্তু প্রশ্ন এই যে, কীর্ত্তন-সঙ্গীতের ঔপপত্তিক বিধান ও প্রয়োগবিধি প্রকাশ করা যায় কি প্রকারে? এই উদ্দেশ্যেই আমার এই পুস্তক-প্রণয়ন।

এই প্রাথমিক পুস্তকে সহজ সুর ও তালের সন্নিবেশ করিয়াছি। যদি ইহা গুণী জনের অভিমত হয়, তাহা হইলে দ্বিতীয় ও তৃতীয় খণ্ডে ক্রমোন্নতভাবে কঠিন সুর ও বিলম্বিত লয়ের গান স্বরলিপিসহ প্রকাশ করিবার চেষ্টা করিব। বড় দশকুশী, যোত সমতাল, বৃহৎ একতালী প্রভৃতি কীর্ত্তনের তালসমূহ গীতরসিকগণের কৌতূহল ও বিস্ময় বর্দ্ধন করিবে, এ বিষয়ে কোনও সন্দেহ নাই। এই গ্রন্থে প্রথম শিক্ষার্থীর ও প্রবেশিকাপরীক্ষার উপযোগী করিতে হওয়ায় স্বল্প পরিসরের মধ্যে কীর্ত্তনের একটি যথাযথ রূপ দিতে চেষ্টা করিয়াছি। প্রথম চেষ্টায় অনেক ভুলভ্রান্তি থাকা অসম্ভব নহে। গুণজ্ঞ সুধী-সমাজ সমস্ত ত্রুটী ক্ষমা করিয়া লইবেন। তাঁহাদের কৃপাদৃষ্টি লাভ করিতে সমর্থ হইলে পুস্তকখানির উৎকর্ষ বিধান সম্ভব হইবে।

পরিশেষে বক্তব্য এই যে, এই পুস্তকে প্রকাশিত গীতগুলির সুরনির্ণয়ে বন্ধুবর ডাঃ অমিয়নাথ সান্যাল মহাশয়ের ও তালমাত্রা নির্ণয়ে মদীয় আচার্য্য শ্রীযুক্ত নবদ্বীপচন্দ্র ব্রজবাসী মহাশয়ের উপদেশ অনুসরণ করিয়াছি। সান্যাল মহাশয় প্রকৃতই একজন সুরপ্রেমিক; তাঁহার ও ব্রজবাসীজির ন্যায় প্রতিষ্ঠা-কামনাশূন্য গুণী ও রসজ্ঞ ব্যক্তির সহায়তা লাভ করিতে না পারিলে এই পুস্তক প্রণয়ন সম্ভবপর হইত কিনা সন্দেহ। সান্যাল মহাশয় এরূপ ভাবে সুরপরিচয় নির্দ্দেশ করিয়াছেন যাহাতে কীর্ত্তনে যাঁহারা তাদৃশ অভিজ্ঞ নহেন, এরূপ ব্যক্তিও স্বরলিপির সাহায্যে সুরের প্রকৃতি ও ঝোঁক ধরিতে পারেন। এ বিষয়ে যাহা বক্তব্য তাহা শ্রদ্ধেয় সান্যাল মহাশয় স্বতন্ত্র ভূমিকায় বলিয়াছেন। তাল সম্বন্ধে পরমপূজ্যপাদ ব্রজবাসী মহাশয় তাঁহার বক্তব্যও স্বতন্ত্র ভাবে বলিয়াছেন। এই দুইটি ভূমিকা যে গ্রন্থের সৌষ্ঠব বৃদ্ধি করিয়াছে, আশা করি তাহা সকলেই স্বীকার করিবেন। ইঁহাদিগকে ধন্যবাদ দিয়া তাঁহাদের আনুকূল্যের অমর্য্যাদা করিতে চাহি না। এই প্রসঙ্গে ব্রজবাসী মহাশয়ের ছাত্র প্রীতিভাজন শ্রীযুক্ত শশাঙ্কশেখর চট্টোপাধ্যায় বি-এ মহাশয়ের ঋণ কৃতজ্ঞতার সহিত উল্লেখ করিতেছি। তিনি এই পুস্তকের জন্য অক্লান্ত ভাবে পরিশ্রম না করিলে এই দুরূহ কার্য্য সম্পন্ন করা আমার পক্ষে কঠিন হইত।

এই গ্রন্থে যে গীতগুলি সন্নিবিষ্ট হইয়াছে, সেগুলি সমস্তই মহাজন পদাবলীর অন্তর্গত। প্রচলিত পদাবলীর গ্রন্থে ইহার অনেকগুলি পদই পাওয়া যাইবে। কয়েকটি নূতন পদও দেওয়া হইয়াছে। সমস্ত পদও তাহার ব্যাখ্যা 'শ্রীপদামৃত মাধুরী' গ্রন্থে* দ্রষ্টব্য।

* শ্রীনবদ্বীপ ব্রজবাসী ও শ্রীখগেন্দ্রনাথ মিত্র সংকলিত। ১ম, ২য়, ও ৩য় খণ্ড প্রকাশিত হইয়াছে, ৪র্থ খণ্ড যন্ত্রস্থ। প্রকাশক: গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স্ ২০৩।১ কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা. মূল্য প্রতি খণ্ড ৩৲ টাকা।

প্রাচীন মহাজন পদ ব্যতীত কয়েকটি আধুনিক পদ পরিশিষ্টরূপে দেওয়া হইল। 'ওকে গান গেয়ে গেয়ে' গানটি প্রসিদ্ধ কবি দ্বিজেন্দ্রলাল রায়ের। তাঁহার মুখে যেমন শুনিয়াছি, সুরটি সেইভাবে দিতে চেষ্টা করিয়াছি। স্বর্গীয় দ্বিজেন্দ্রলালের প্রতিভাবান পুত্র প্রীতিভাজন দিলীপকুমারের মুখে এই গানটি অনেক স্থলে প্রসিদ্ধি লাভ করিয়াছে। এই গানের আখর-যোজনা আমার কৃত। 'তুমি মধু' গানটিও প্রসিদ্ধ। প্রসিদ্ধ স্বদেশ-সেবক অশ্বিনীকুমার দত্ত এই গানের রচয়িতা। সুগায়ক শ্যামলাল গোস্বামীর নিকট এই গানটি শিখিয়াছিলাম। গোস্বামী স্বদেশীর যুগে একজন জনপ্রিয় গায়ক বলিয়া খ্যাতিলাভ করিয়াছিলেন। তৃতীয় সঙ্গীতটি (করুণ দুটি অরুণ দিঠি) সংহতি পত্রিকায় প্রকাশিত হইয়াছিল। শশাঙ্ক বাবু উহাতে সুর যোজনা করিয়াছেন। যথাস্থানে উহা বলা হয় নাই বলিয়া এখানেই উল্লেখ করিলাম।

'পেখলুঁ শ্যামরুধাম' (উজোর হার উর), 'আজু কুঞ্জে রাধামাধব' এই দুইটি গান গ্রামোফোনে গীত হইয়াছে।*

শ্রীখগেন্দ্রনাথ মিত্র, সঙ্গীতরত্ন

* হিন্দুস্থান মিউজিক্যাল পি. এণ্ড. ডি সিণ্ডিকেট।

কীর্ত্তনে রাগরাগিণী

শ্রীযুক্ত ডাঃ অমিয়নাথ সান্যাল

এই পুস্তকের অন্তর্গত কীর্ত্তন-গীতির স্বর-বিন্যাস সম্বন্ধে সাধারণের পক্ষে কৌতূহলোদ্দীপক এবং অনুসন্ধিৎসুর পক্ষে জ্ঞাতব্য কয়েকটি বিষয় আছে। আশৈশব উৎকৃষ্ট কীর্ত্তনাচার্যের গান শুনিবার সৌভাগ্য আমার হইয়াছে এবং তাহাতে আমি যথেষ্ট আনন্দ ও জ্ঞান লাভ করিয়াছি। সঙ্গীতের অন্তর্গত কোনও ব্যাপারকেই আমি কখনও অশ্রদ্ধা বা অবহেলার চক্ষে দেখি না। যখন আমি শুনিলাম যে উচ্চাঙ্গ কীর্ত্তনের স্বরলিপি প্রস্তুত করিবার পরিকল্পনা হইতেছে, তখন আমি আন্তরিক আনন্দের সহিত যোগদান করিয়াছি। আমার যৎসামান্য সহযোগিতায় যদি এই প্রশংসনীয় সংকল্পের কোনও আনুকূল্য হইয়া থাকে, তবে আমার আনন্দের অবধি থাকিবে না।

কীর্ত্তন গান সম্বন্ধে আমার যে ধারণা তাহাই সংক্ষেপে বলিবার চেষ্টা করিব। বিস্তৃত আলোচনার স্থল ইহা নহে এবং সেরূপ যোগ্যতাও আমার নাই, ইহা বলা বাহুল্য।

একটু মনোযোগ দিয়া শুনিলেই বুঝা যায় যে কীর্ত্তন-গান-ক্রিয়ায় পদান্তর্গত ভাবের পুষ্টি, তদনুযায়ী তাল ও ছন্দের স্ফূর্ত্তি, এবং স্বর-বিন্যাসের বৈচিত্র্য এই তিনটি ব্যাপারকে গায়কগণ সমান মূল্য দিয়া থাকেন। ইহাদের সামঞ্জস্য ও পরস্পরাশ্রয়ী ভাবই কীর্ত্তন-গীতিকে যথেষ্ট স্বাতন্ত্র্য দান করিয়াছে। আচার্য ভরত ও উত্তরকালের শ্রেষ্ঠ সঙ্গীতাচার্যগণ-কল্পিত যে গীতের সংজ্ঞা—অর্থাৎ স্বর, তাল ও পদকে আশ্রয় করিয়া গীত হয়, তাহার সার্থকতা কীর্ত্তন-গীতির মধ্যে অনেকটা দেখিতে পাওয়া যায়।

স্বরবিন্যাসগুলি লক্ষ্য করিলে দেখা যাইবে সমস্তগুলি ষড়্জাদি সপ্তস্বরযুক্ত অর্থাৎ সম্পূর্ণ জাতি। একটিও ষাড়ব (অর্থাৎ ষট্‌স্বরা) বা ঔড়ব (অর্থাৎ পঞ্চস্বরা) জাতি নাই। কীর্ত্তন-গায়ক-মধ্যমণি আচার্য নরোত্তম ঠাকুর হইতে আরম্ভ করিয়া আধুনিক কালের খ্যাতনামা কীর্ত্তন-গায়ক পর্যন্ত সকলেই গান-পটু হইয়াও ঔড়ব ও ষাড়ব জাতির গান করিতে অক্ষম, এইজন্য কীর্ত্তন-গীতি-বিন্যাসগুলি 'সম্পূর্ণ' এরূপ মনে করা ভ্রান্ত। কারণ সাত আট বর্ষ বয়সের বালক বালিকারাও অনায়াসে ঔড়ব ও ষাড়ব বিন্যাস আয়ত্ত করিতেছে।*

ইহার প্রকৃত কারণ এই যে প্রাচীনতম কীর্ত্তনাচার্যগণ শ্রীভগবানের লীলা বিষয়ক রস-ভাবাপ্লুত কীর্ত্তন গীতগুলিকে কোনও বিশেষ আদর্শানুযায়ী বিন্যাসের অধিকারভুক্ত করিয়া গিয়াছিলেন

---

* সম্পূর্ণ রাগ সম্বন্ধে শাস্ত্রে এইরূপ ফলশ্রুতি আছে :

আয়ুর্ধর্মো যশোকীর্ত্তি বুদ্ধিসৌখ্যধনানিচ।
রাজ্যাভিবৃদ্ধিসন্তানঃ পূর্ণরাগেষু জায়তে। —কোহল

এবং লৌকিক গানের পরিবর্ত্তনশীল রূপ ও রুচিগত বিকার হইতে একমাত্র সাধনা ও ভজনার সাহায্যে এই আদর্শকে যতদূর সম্ভব সুরক্ষিত করিবার চেষ্টা করিয়া গিয়াছেন। সাত্ত্বিক বিকারমণ্ডিত, গুরুমুখ-নিঃসৃত ঐ আদর্শ রূপ অনুভবী অধিকারী ও তদ্‌গত প্রাণ শিষ্যের শ্রবণের মধ্যেই নিবদ্ধ ছিল। ভাব-বিকারজনিত কিঞ্চিৎ পরিবর্ত্তন সম্ভব হইলেও আদর্শের বিকার হয় নাই।

কীর্ত্তন-গীতির ইতিহাস-প্রসঙ্গে ভক্তি-রত্নাকর গ্রন্থ হইতে আমরা জানিতে পারি যে খেতরীর সংকীর্ত্তন মহোৎসব উপলক্ষে প্রথমে শ্রীদেবীদাস, শ্রীবল্লবীদাস প্রভৃতি বাদ্য-বিশারদগণ অদ্ভুত বিস্তার পূর্ব্বক মৃদঙ্গ বাজাইলেন। পরে শ্রীগৌরাঙ্গ দাস প্রভৃতি সঙ্গিগণ কাংস্যতালাদি ঘনবাদ্যের নানারূপ ভেদ বৈচিত্র্য প্রকাশ করিলেন। পরে শ্রীগোকুল দাস প্রভৃতি সঙ্গীতজ্ঞগণ সামান্য বর্ণন্যাস ও স্বরালাপ দ্বারা অনিবদ্ধ গীত করিলেন। এই অনিবদ্ধ গীতই আধুনিক রাগালাপ। পরে শ্রীনরোত্তম দাস ঠাকুর গীতশ্রেষ্ঠ নিবদ্ধ গীত গান করিলেন। এই প্রসঙ্গেই একস্থলে আছে ঃ

গীত প্রথা রক্ষা ক্ষোভ নিবৃত্তি নিমিত্তে।
প্রচারিতে সম্যক্‌ বিচার কৈল চিতে।

অতএব এই সংকীর্ত্তনোৎসবেই কীর্ত্তন-গীতের আদর্শ পরিকল্পিত হইয়া থাকিবে।

যে সকল আচার্যগণ এই কার্যে ব্রতী ছিলেন, তাঁহারা সঙ্গীত ও শাস্ত্রে অভিজ্ঞ ও পারদর্শী ছিলেন, এ বিষয় সন্দেহ নাই। আমার বিশ্বাস তাঁহারা শাস্ত্রোক্ত "জাতি রাগ" ও "গ্রাম রাগ"গুলির মধ্যে সম্পূর্ণ বিন্যাসগুলিকে কোনও ইষ্ট-সিদ্ধির নিমিত্ত আদর্শরূপে নির্ব্বাচন করিয়াছিলেন এবং এখন পর্যন্ত শাস্ত্রোক্ত জাতি-রাগ-সমুত্থ বিশিষ্ট কীর্ত্তন-গীতির স্বর-বিন্যাসগুলিই সম্ভবতঃ "জাতি-গান" নামে প্রচলিত আছে। ভক্তিরত্নাকর গ্রন্থে দেখা যায়—অনেক পদের শীর্ষস্থানে—"...যথা রাগঃ" লিখিত আছে। সম্ভবতঃ এইগুলিই—জাতি-রাগ-সমুত্থ স্বর-বিন্যাস সাহায্যে গীত হইত। এইগুলি ব্যতীত, অন্য পদ সম্বন্ধে শীর্ষদেশে—".. যথা নট্ট", "যথা আশাবরী", "...যথা মেঘরাগঃ" প্রভৃতি উল্লেখের মধ্যে বিশিষ্ট গ্রাম-সমুত্থ, দেশী রাগ-রাগিণীর স্পষ্ট ইঙ্গিত আছে। কীর্ত্তন গানে ষড়্‌জ গ্রামের প্রাধান্য স্পষ্ট দেখা যায়।

এই সকল রাগ-রাগিণীর নামোল্লেখই দ্বিতীয় প্রসঙ্গ। নিবদ্ধ গীতির আদর্শ সুরক্ষিত হইয়া থাকিলে আমরা মনে করিতে পারি যে—রাগ-রাগিণীর নাম ও প্রচলিত স্বর-বিন্যাসের মধ্যে সহজ সম্বন্ধ আছে। যথা—সঙ্গীত-রত্নাকর রচনার সময়ে "বসন্ত" নামধেয়, হিন্দোলক-সমুদ্ভব, যে বিন্যাসের বর্ণনা আছে তাহা দ্বারা আমরা ষড়্‌জ, শুদ্ধ ঋষভ, শুদ্ধ গান্ধার (আধুনিক কোমল গান্ধার), শুদ্ধ মধ্যম, পঞ্চম, শুদ্ধ ধৈবত (আধুনিক শুদ্ধ ধৈবত অপেক্ষা অত্যল্প মন্দ্র) ও শুদ্ধ নিষাদ (আধুনিক কোমল-নিষাদ) পাই। এই গ্রন্থাবির্ভাবের ন্যূনাধিক ছয়শত বৎসর পরে রচিত (অর্থাৎ খৃষ্টাব্দ ১৭০০-১৮০০ মধ্যে) সঙ্গীত পারিজাত নামক গ্রন্থে "বসন্ত" বর্ণনা প্রসঙ্গে আমরা দেখি যে পূর্ব্বোক্ত বসন্তের বিন্যাসের মধ্যে শুদ্ধ গান্ধার (আধুনিক কোমল গান্ধার) পরিবর্ত্তিত হইয়া তীব্র গান্ধার (আধুনিক শুদ্ধ গান্ধার বা তিবর-গান্ধার) হইয়াছে এবং শুদ্ধ নিষাদ (আধুনিক কোমল নিষাদ)

পরিবর্ত্তিত হইয়া তীব্র-নিষাদ (আধুনিক শুদ্ধ নিষাদ বা তিবর নিখাদ) ধার্য্য হইয়াছে। অর্থাৎ নাম একই আছে, রূপ পরিবর্ত্তিত হইয়াছে। সুতরাং নামের সার্থকতা থাকিতেছে না।

পুনশ্চ—কীর্ত্তনগীতির স্বর-বিন্যাস প্রসঙ্গে আমার ব্যক্তিগত অভিজ্ঞতার কারণে দেখিতেছি যে কীর্ত্তনাঙ্গের উৎকৃষ্ট পদগুলির মধ্যে যে কয়েকটি "বসন্ত" নামে অভিহিত, তাহার স্বর-বিন্যাস ও সংগীত-পারিজাতোক্ত বসন্তের স্বর-বিন্যাস একই রূপ। এবং আধুনিক শ্রেষ্ঠ, বিভিন্ন, কীর্ত্তনবিশারদের বসন্ত-নামধেয় গানগুলির একই রূপ স্বর-বিন্যাস ও স্বর-সম্বন্ধ পাইতেছি। সুতরাং মনে করিতে পারি যে আধুনিক কালের উত্তমোত্তম পদগুলির স্বর-বিন্যাস অন্ততঃ দুইশত বৎসর পূর্বে কোন সময়ের আদর্শে গঠিত হইয়া থাকিবে এবং ইহা নিবদ্ধ গীত বলিয়াই আদর্শ অক্ষুণ্ণ আছে। কীর্ত্তনেতর অন্যান্য নিবদ্ধ গীত-ব্যাপারে নাম-রূপের কোনও সার্থক সম্বন্ধ পাওয়া যায় না।

এই পুস্তকে উদ্ধৃত গীতগুলির স্বরবিন্যাসের শীর্ষদেশে রাগরাগিণী সংক্রান্ত যে নামগুলি প্রযুক্ত হইয়াছে, তাহার প্রয়োজন বা উদ্দেশ্য সম্বন্ধে কিছু বলিবার আছে।

প্রত্যেক স্বর-বিন্যাসই এক একটি বস্তু যাহাকে ইংরেজিতে Composition বলা হয় এবং যাহাকে পশ্চিম-ভারতীয় কালোয়াৎগণ 'চিজ' বলিয়া থাকেন। সুতরাং ইহাদের নামকরণ প্রয়োজনীয় সন্দেহ নাই। ইহার একমাত্র উদ্দেশ্য আধুনিক সাঙ্গীতিক পরিস্থিতির মধ্যে উক্ত স্বরবিন্যাসগুলির স্থান কোথায় এবং প্রভাব কিরূপ—তাহার আলোচনার দ্বারোদ্ঘাটন করা মাত্র।

পদের রাগরাগিণীর প্রাচীন যে সকল নামকরণ প্রাচীন গ্রন্থে পাওয়া যায় এবং যে সমস্ত রাগরাগিণীর নাম আধুনিক কীর্ত্তনাচার্যগণের নিকটও লভ্য হয়, তাহার মধ্যেও অনেক সময়ে যথেষ্ট ভিন্নতা লক্ষিত হয়। প্রাচীন নামকরণ সম্বন্ধে বক্তব্য এই যে পদকর্ত্তা ও গায়কগণ হয়ত পূর্ব্ববর্ত্তী বা তাৎকালিক কোনও এক বা একাধিক সাধারণ সঙ্গীতশাস্ত্রে উল্লিখিত পদ্ধতি অনুসরণ করিয়া থাকিবেন।

যে যে স্থানে নূতন নামকরণ হইয়াছে, সেই সেই স্থানে বর্ত্তমান প্রত্যক্ষ গীত-রূপ শ্রবণ করিয়া যে স্বরবিন্যাস লভ্য হয়, তাহাই এই গ্রন্থে যথাযথ স্বরলিপির দ্বারা নিবদ্ধ হইল। ঐ শ্রুতরূপ হইতে যতদূর সংগ্রহ করা যায়, তাহাতে আধুনিক কোন্ কোন্ রাগরূপের বা মিশ্র সুরের সহিত ঐ রূপের সাদৃশ্য আছে তাহাই বিচার পূর্ব্বক লিখিত হইল। আশা করা যায় যে, আধুনিক সঙ্গীতরীতিতে অভ্যস্ত গায়কগণ ইহা হইতে সহায়তা লাভ করিতে পারিবেন। কিন্তু ইহাতে কেহ যেন মনে না করেন যে এই রূপ রীতি অনুসরণ করায় প্রচলিত কীর্ত্তন-সুরের ব্যতিক্রম করা হইয়াছে। কীর্ত্তনের শ্রুতরূপ স্বরলিপির সাহায্যে সাধ্যমত যথাযথ ভাবেই লিখিবার চেষ্টা করা হইয়াছে। সাধারণ গায়কের সুবিধার নিমিত্ত কোনও কোনও স্থলে আধুনিক নামকরণ করা হইয়াছে। মূল পুস্তকের উদ্দেশ্য স্মরণ করিয়া কীর্ত্তনাচার্য্যগণ ইহার সঙ্গতি বিচার করিবেন।

কীর্ত্তনে মায়ুর রাগিণী ব্যবহৃত হয়। এই রাগিণীটি বৈষ্ণব গায়কদিগের অভিনব সৃষ্টি বলিলেও অত্যুক্তি হয় না। ইহা আধুনিক বিহঙ্গড়া অথবা বেহাগ 'খাম্বাজ ঝিঁঝিটের

সংমিশ্রণ রূপে প্রতীয়মান হয়। যে কোনও অভিজ্ঞ কীর্ত্তন-গায়ককে মায়ুর রাগিণীতে গান করিতে বলিলেই তিনি উক্ত 'বিহঙ্গড়া' রূপ স্বরবিন্যাস করেন দেখিয়াছি। সুতরাং যতদূর জানা যায়, তাহাতে বর্ত্তমান মায়ুর সুরকে আধুনিক বিহঙ্গড়া বা বেহাগ খাম্বাজ ঝিঁঝিটের সংমিশ্রণজাত রূপ বলিতে পারা যায়। কথিত আছে, শ্রীরূপগোস্বামিপাদ হইতে এই নামটি আসিয়াছে। সম্ভবতঃ ময়ূরের বর্ণ-বৈচিত্র্যই এই বিচিত্র সুরমিশ্রিত রাগিণীর নামকরণে প্রয়োজক হইয়াছে। এই সুরটির একটি বিশিষ্ট রূপ কীর্ত্তন-গায়ক সমাজে চলিয়া আসিতেছে, এই জন্য 'মায়ুর' নামটি রক্ষিত হইল।

আধুনিক কালে একনিষ্ঠতা ও আদর্শের অভাব ঘটিয়াছে; মনের চাঞ্চল্যই অভিনব বস্তুর আহরণ তথা কল্পনার প্ররোচক হইতেছে। সুতরাং যথাযোগ্য স্বরলিপি দ্বারা প্রাচীন বিন্যাসগুলির আস্বাদই আমাদের ন্যায় পথভ্রান্ত ব্যক্তির দিঙ্‌নির্ণয় করুক।

কীর্ত্তন-সঙ্গীতে তাল

কীর্ত্তনাচার্য্য শ্রীযুক্ত নবদ্বীপচন্দ্র ব্রজবাসী

আজানুলম্বিতভুজৌ কনকাবদাতৌ
সংকীর্ত্তনৈকপিতরৌ কমলায়তাক্ষৌ
বিশ্বম্ভরৌ দ্বিজবরৌ যুগধর্ম্মপালৌ
বন্দে জগৎপ্রিয়করৌ করুণাবতারৌ॥

শ্রীচৈতন্য মহাপ্রভু এবং শ্রীনিত্যানন্দ প্রভু সংকীর্ত্তনের জনক। তাঁহাদের কৃপায় জগতে এই কীর্ত্তন-সঙ্গীত প্রচারিত হইয়াছে। সকলেই জানেন মহাপ্রভু-প্রচারিত ধর্মে সাধনভজনের অনুকূলভাবে কীর্ত্তন-গানের জন্ম। কীর্ত্তনে খোল এবং করতালের সঙ্গত হয়। এ দুইটিও মহাপ্রভুর দান। বৈষ্ণবেরা সেই জন্য শ্রীখোল এবং করতালকে সাধারণ বাদ্যযন্ত্ররূপে মনে করেন না। কীর্ত্তন করিবার পূর্বে যেমন শ্রীগৌরচন্দ্রকে প্রণাম করিতে হয়, তেমনি শ্রীখোলকরতালে মাল্যচন্দন দিতে হয়।

শ্রীপ্রভুর সম্পত্তি শ্রীখোল করতাল।
তাহে স্পর্শাইলা শ্রীচন্দন পুষ্পমাল।—ভক্তিরত্নাকর।

মৃদঙ্গ অতি প্রাচীন বাদ্যযন্ত্র, তাহাতে সন্দেহ নাই। কথিত আছে যে ত্রিপুরাসুর-বধের পরে ব্রহ্মা অসুরের রক্তরঞ্জিত মৃত্তিকা লইয়া মৃদঙ্গ গঠন করিয়াছিলেন। ত্রিপুরাসুরের শরীরের স্নায়ুও নাড়ীর দ্বারা মৃদঙ্গের দল (বেষ্টনী) নির্মিত হয়। দেবাদিদেব মহাদেব ঐ মৃদঙ্গ বাদ্যের সহিত নৃত্য করেন। পরে বোধ হয়, মৃদঙ্গ অপ্রচলিত হইয়া পড়ে এবং তাহার স্থলে কাষ্ঠ-নির্ম্মিত বাদ্যযন্ত্র ব্যবহৃত হয়।* ঐ কাষ্ঠ-যন্ত্রের নাম মৃদঙ্গই থাকিয়া যায়। পুনরায় যে মৃত্তিকা-নির্মিত মৃদঙ্গের প্রচলন হয়, তাহা মহাপ্রভুর দ্বারা হইয়াছিল এইরূপ অনুমান হয়।

কীর্ত্তন-গানের অভ্যুদয়ের সঙ্গে সঙ্গে যেমন নূতন নূতন স্বর-বিন্যাস হইতে লাগিল, তেমনি বাদ্যেরও নানা প্রকার নূতন ছন্দ নূতন নূতন ভঙ্গী আবিষ্কৃত হইতে লাগিল। বাদ্যের ছন্দ অগণিত।

ন রাগাণাং ন তালানাং ন বাদ্যানাং বিশেষতঃ।
নাপি প্রবন্ধগীতানামন্তো জগতি বিদ্যতে।

তালের প্রাণবস্তু ছন্দ। ছন্দের অভাবে তাল কতকগুলি মাত্রাসমষ্টি হইয়া যায় এবং এইরূপ মাত্রা-সংহতি দ্বারা কখনও ভাবের সৃষ্টি বা রসের উদ্দীপনা হয় না। কীর্ত্তন-গানের আগাগোড়াই সুর, তাল ও পদযোগে ভাবসৃষ্টি করিবার ও রসপ্রবাহকে অক্ষুণ্ণ রাখিবার চেষ্টা আছে। এই জন্য তালাঙ্কের মধ্যে ছন্দকে নানারূপে প্রকাশিত ও লীলায়িত করা হয়। ছন্দের এইরূপ প্রকাশভঙ্গী ও লীলাবৈচিত্র্য—সমগ্র গানের পক্ষে অত্যন্ত প্রয়োজনীয় অঙ্গ এবং ইহাকে কদাপি বাহুল্য মনে করা যায় না।

ছন্দের বিভিন্নতার জন্য তালের বিভিন্নতা। কীর্ত্তনগানে তালের সংখ্যা একশত আট প্রকার। ইহার মধ্যে আবার কতকগুলি তাল কীর্ত্তন-গায়কদিগের বিশেষ প্রিয়। যথা, দশকুশী, ডাঁশপাহিড়া, জপতাল, ধামালী, ছুঠুকী, তেওট ইত্যাদি। জপতালকে অনেকে লোফাতাল বলিয়া থাকেন। কিন্তু

---

* সঙ্গীতদর্পণ দ্রষ্টব্য।

জপতাল বৈঠকী গড়খেমটার (বা আড় খেমটার) অনুরূপ। ইহা ১২ মাত্রার তাল। লোফা ৮ মাত্রার্দ্ধ তাল বলিয়া বিদিত।

যাহা হউক, এই সকল তাল দ্রুত, মধ্য, বিলম্বিত ভেদে তিন প্রকার।

স ত্রিধা কথিতঃ প্রাজ্ঞৈর্দ্রুতোমধ্যোবিলম্বিতঃ।

কীর্ত্তনে যেরূপ বিলম্বিত তালের ব্যবহার আছে, তাহা সচরাচর অন্যত্র দেখা যায় না। এই জন্য গায়কও বাদক ৬   ͞কই নিপুণভাবে গীত ও বাদ্য অভ্যাস করিতে হয়। যাঁহারা মনে করেন যে, কীর্ত্তনের সুর সহজ এবং বাদ্যও সহজ বা ইচ্ছাধীন, তাঁহারা উচ্চাঙ্গ কীর্ত্তনের প্রতি অবিচার করেন।

কীর্ত্তনে তাল অতীব প্রয়োজনীয়। অন্য সঙ্গীতে যদি বা তালের প্রতি কখনও কখনও অনাস্থা দেখা যায়, কীর্ত্তনে তাহা একেবারেই হইবার জো নাই। শ্রীরাসমণ্ডলে যখন গোপীরা গান করিয়া শ্রীকৃষ্ণের মনোরঞ্জন কবিয়াছিলেন, তখন শ্রীকৃষ্ণ হস্তে তাল দিয়াছিলেন এবং শ্রীরাধিকা কঙ্কণে তাল ধবিয়াছিলেন এইরূপ প্রবাদ আছে। এই হইতেই তালের সৃষ্টি। তাল বিনা গান হইতে পাবে না।

বস্তুতঃ তাল ব্যতীত সঙ্গীত অপ্রতিষ্ঠ।* মাত্রা যতি ও ছন্দ ব্যতীত যে বাক্যবিন্যাস হয়, তাহা কখনও সুশ্রাব্য হয় না। তালেই সঙ্গীতের প্রতিষ্ঠা। তালেই সঙ্গীতের উৎকর্ষ। সমস্ত সঙ্গীতেই লক্ষ্য করা যায় যে লঘু বা তরল তালে যে গান হয়, তাহা সঙ্গীতজ্ঞগণের মনে বহুক্ষণ আনন্দ দিতে পারে না।

শিক্ষার পক্ষেও তালের প্রয়োজনীয়তা স্বতঃসিদ্ধ। কোনও একটি গান শিক্ষা করিতে হইলে সুরন্যাসের প্রথম সংকেত হইল তাল। যথেচ্ছভাবে গান করিলে কেহই সে গান অভ্যাস করিতে পারে না। নির্দিষ্ট ছন্দ থাকিলে, তবেই তাহা শিক্ষা করা যায় এবং সে শিক্ষা সার্থক হয়। পক্ষীরাও যে মধুর ধ্বনি করে, তাহার মধ্যে ছন্দ আছে। মানুষ কথাবার্ত্তা কহিতেও ছন্দের সাহায্য গ্রহণ না করিয়া পারে না।

ছন্দ মাত্রার উপর নির্ভর করে। সমকাল বিভক্ত মাত্রাই তালের নিয়ামক। কীর্ত্তনের তালে মাত্রাজ্ঞান যত বাড়িবে, ততই তালের উপর আধিপত্য জন্মিবে। যাঁহারা তালমাত্রাকে উপেক্ষা করিয়া শুধু সুরের মিষ্টত্বের উপর নির্ভর করিয়া গান করিতে চাহেন, তাঁহাদের চেষ্টা কখনও সফল হয় না। কীর্ত্তনে সর্ব্বাগ্রে এই কথাটি স্মরণ রাখিতে হইবে।

কীর্ত্তনের যেমন চারিটি ঘর আছে যথা, গরাণহাটী, মনোহরসাহী, রেণেটি, মন্দারিণী, তেমনি চারি ঘরের পৃথক্ পৃথক্ বাজনাও আছে। অনেক আয়াস স্বীকার করিয়া উহা আয়ত্ত করিতে হয়।

কিন্তু কীর্ত্তন গান ও বাদ্য কঠিন বলিয়া যে ধারণা আছে, তাহাও ভ্রান্ত। অভ্যাস করিলে উভয়ই স্বল্পকালে আয়ত্ত হইয়া যায়। তবে যাঁহারা অভ্যাস করিবার ক্লেশ স্বীকার করিতে অনিচ্ছুক,

---

*সমগ্রত্ব সমত্বেন রঞ্জকত্বেন চাধিকং।
তালম্বত্ত্বেব সঙ্গীতং যত্তালো নিগদ্যতে।—হরিনায়ক

তাঁহাদের নিকট সবই দুরূহ। যাঁহারা আমার নিকট শ্রীখোল বাদ্য অভ্যাস করিয়াছেন এবং করিতেছেন, তাঁহারা এ বিষয়ে সাক্ষ্য দিতে পারিবেন।

বাদ্য অভাস করিতে হইলে হস্ত ও অঙ্গুলির গতি বিশেষভাবে অনুশীলন করিতে হইবে। হস্তের জড়ত্ব দূর করিতে পারিলে তবেই বাদ্য অনায়াস-সাধ্য হইয়া পড়ে। বাদ্যের কতকগুলি বোল কোনও গতিকে অভ্যাস করিলেই তাহাতে মাধুর্য্য সঞ্চার করা যায় না। গান করিতে হইলে যেমন বাণী স্পষ্ট হওয়া দরকার, বাদ্যেও সেইরূপ বাণী শুদ্ধ হওয়া আবশ্যক। অঙ্গুলির আঘাতের দ্বারা ব্যঞ্জনবর্ণ ও স্বরবর্ণ পৃথক্‌ভাবে উচ্চারণ করিতে শিক্ষা করিতে হয়। এইরূপে যখন বোলের বাণী সুস্পষ্ট হয়, তখনই কীর্ত্তন গানের সহিত সঙ্গত করা সার্থক হয়। গায়ক পদ ও সুর বিন্যাসের দ্বারা যে রস-মাধুরী প্রকাশ করিতে চেষ্টা করেন, বাদকও বাণীর দ্বারা তাহার অনুবর্ত্তন করেন। গীত অনুযায়ী বাদ্য; বাদ্য গীতকে অনুসরণ করিবে। বাদ্যে রস সঞ্চার করিতে না পারিলে গানের আনন্দ খর্ব হইয়া যায়। পূর্বে এমন অনেক বাদক ছিলেন, যথা ভারত দাস, মহানন্দ, কৃষ্ণচৈতন্য, নিকুঞ্জ মিত্র, গৌরদাস ব্রজবাসী প্রভৃতি, যাঁহাদের খোল বাদ্য শুনিলে হৃদয়ে অপূর্ব্ব আনন্দের সঞ্চার হইত। ইঁহাদের বাদ্যে গানের সুরের প্রতিধ্বনি জাগিয়া উঠিত। সে শ্রেণীর বাদক এখন আর বেশী নাই। কিন্তু সেই সকল মহাত্মাকে স্মরণ করিয়া, তাঁহাদের আদর্শ যাঁহারা অনুবর্ত্তন করেন, তাঁহারা নিশ্চয়ই কীর্ত্তনের বাদ্যে কৃতিত্ব লাভ করিতে পারিবেন।

কীর্ত্তনের সুর যেমন যেমন ভাব সঞ্চার করিতে চেষ্টা করিবে, বাদ্যও সেই সেই ভাবের দ্যোতনা ফুটাইয়া তুলিতে যত্নবান্ হইবে। তাহা হইলেই কীর্ত্তন সার্থক হইবে। মনে করুন গায়ক রসানুভূতির জন্য আখর যোজনা করিতে লাগিলেন, সেখানে বাদক যদি সুরের গতিভঙ্গী বুঝিতে না পারেন, তাহা হইলে গান জমিবে না। আখরের সঙ্গে সঙ্গে উচ্চ হইতে উচ্চতর স্তরের 'কাটান' বাজিবে। যেখানে ভাবের আবেশ গভীর, সেখানে 'লহর' বাজিবে; যেখানে অক্ষরে অক্ষরে ভাবের পরিপূর্ণতা ঘটিবে সেখানে 'মাতান' বাজিয়া 'মান' পড়িবে। ইহার প্রত্যেক অংশের বোল, ছন্দ, ভঙ্গী স্বতন্ত্র। অনুভবের দ্বারা বাদককে সুরের ক্রম ও মূর্চ্ছনাদি সূক্ষ্মভাবে বুঝিতে হয়।

কীর্ত্তন-গীতি-প্রবেশিকায় কয়েকটি ছোট ছোট তাল দেওয়া হইয়াছে; বিলম্বিত তালের মধ্যে একটি তেওট ও একটি বৃহৎ জপতাল আছে। আমি সমস্ত তালের বোলগুলি দেখিয়া দিয়াছি। বৈঠকী গানের তালের সহিত এই সকল তালের সাদৃশ্যও দেখানো হইয়াছে। আমি ভরসা করি যে ইহা দৃষ্টে সকল গায়কই গানের ছন্দ বুঝিতে পারিবেন এবং গানগুলি অনায়াসে আয়ত্ত করিতে সক্ষম হইবেন।

বহু বৎসর কীর্ত্তন শিক্ষা দিয়া আমার এই ধারণা হইয়াছে যে বাংলাদেশের জলবায়ু এই কীর্ত্তন সুরের অনুকূল। সেই জন্যই শ্রীমন্‌মহাপ্রভু কৃপা করিয়া এই বাংলার মাটীতেই জন্ম গ্রহণ করিয়াছিলেন। বাংলাদেশের হৃদয় যেমন ভক্তিধর্মের প্রধান ক্ষেত্র, বাঙ্গালীর কণ্ঠ ও সেইরূপ কীর্ত্তনের জন্যই সৃষ্ট। বাঙ্গালী খোলবাদকের হস্তেও শ্রীরাধারাণীর কৃপা আছে।

গীত-সূচী

প্রথমপঙক্তি (বর্ণানুক্রমে)			পদকর্ত্তা		পত্র সংখ্যা
আজু কুঞ্জে রাধামাধব ঝুলেরি	...	...	কৃষ্ণদাস	...	১০৪
আজুরে রঙ্গে হোরি খেলত	...	...	শিবরাম দাস	...	৬৭
আবেশে সখীর অঙ্গে	...	...	জ্ঞানদাস	...	৪১
আমাদের গো ঝুলত যুগল কিশোর	...	..	জগন্নাথ দাস	...	৭৭
উজোর হার উর (পেখলুঁ শ্যামরু ধাম)		...	ঘনশ্যাম দাস	...	৮০
কি রূপ দেখিনু মধুর মুরতি	...	...	দ্বিজভীম	...	৭
কি রূপ দেখিলাম কালিন্দী কূলে	...	..	জ্ঞানদাস	...	১০
কেলি বিপিনং প্রবিশতি রাধা	...	..	রামানন্দ রায়	...	৩৪
ক নন্দ কুল চন্দ্রমাঃ	...	...	শ্রীরূপ গোস্বামী	...	৪৮
গিরিয়া বসন বিভূতি ভূষণ	...	...	জ্ঞানদাস	...	৫৩
গৌরাঙ্গ বলিতে হবে পুলকশরীব	...	...	নরোত্তম দাস	...	৫৬
জয় জয় জয় বিজই কুঞ্জে	...	...	যদুনাথ দাস	...	৩৮
দেখলাম চিকণ কালা গলায় মালা	...	...	গোবিন্দ দাস	...	১৮
নন্দ নন্দন চন্দ চন্দন	...	...	গোবিন্দ দাস	...	৮৬
নবহু রুচি মেহ সখি নীপমূলে পেখলুঁ	...	...	শশিশেখর	...	৯৬
বিফলে জনম গোঙাইনু	..	...	নরোত্তম দাস	...	৫৯
বিহরই নওল কিশোর	...	...	বিদ্যাপতি	...	৬৩
ব্রজনন্দ কি নন্দন নীলমণি	..	...	নৃসিংহ দেব	...	৭২
মধুকর রঞ্জিত মালতী মণ্ডিত	...	..	রাধামোহন	...	১
মন্দ মন্দ মধুর তান	...	...	পরমানন্দ দাস	...	২৯
মরকত মঞ্জু মুকুর মুখমণ্ডল	...	...	গোবিন্দ দাস	...	১৪
মোহন মুরলী কুঞ্জে বাজে ওই	...	...	—	...	২৫
রাধাগোবিন্দ রূপের কি দিব তুলনা	...	...	নরোত্তম দাস	...	৪৫
শ্যাম রাস রঙ্গিয়া	...	...	জ্ঞানদাস	...	৯০
সখি কি পুছসি অনুভব মোয়	...	...	বিদ্যাপতি	...	১০০
সখী সঙ্গে রূপের কথা	...	...	যদুনাথ দাস	...	২১

পরিশিষ্ট

